

ক্ষণে ধূম উঠে হয় অন্ধকারময়।
 ক্ষণে পাগলের অঙ্গ লক্ষ্য নাহি হয়।।
 লোম-উর্দ্ধ কেশ-উর্দ্ধ নেত্র-উর্দ্ধশ্বাস।
 'ন ভূত ন ভবিষ্যতি' ভাব অপ্রকাশ।।
 মুখমধ্যে রক্তিম বরণ যায় দেখা।
 মুখের উপর উঠে অনলের শিখা।।
 ঘরের মধ্যেতে আর ঘরের চৌদিকে।
 হরি হরি হরি বলে নাচে গায় লোকে।।
 পাগল বিবর্ণ অংগ ধূম সন্মরিল।
 আস্তে-বাস্তে-ত্রস্তে পাগলেরে কোলে নিল।
 তৈল মেখে পাগলের করাইল স্নান।।
 করাইল সকলের সেবার বিধান।।
 সবে পাগলের হ'ল সঙ্কুৎ বিধান।
 সব মৃতদেহে যেন পুনঃ পেল প্রাণ।।
 প্রেমময় পাগলের অলৌকিক কাজ।
 রচিল তারক চন্দ্র কবি রসরাজ।।



পাগলের চাঁপালিয়া গ্রামে যাত্রা

নামেতে কাঙ্গালী পাল সাধু শুদ্ধমতি।
 চিরদিন শুভ্রা গ্রামে করেন বসতি।।
 বিকালে তাহার বাটীতে হ'ল মহোৎসব।
 রহিলেন সেই বাড়ী মতুয়ারা সব।।
 সেই বেলা ভরি হ'ল নাম সংকীর্তন।
 অর্দ্ধনিশী পর্য্যন্ত নাহিক নিবারণ।।
 সবে ক্ষান্ত প্রেমশান্ত সংকীর্তন সায়।
 সব সাধু ভোজন হইল সে সময়।।
 প্রাতেঃ উঠি চলিলেন চাঁপালিয়া গ্রাম।
 সেইগ্রামে সাধু অতি শুকচাঁদ নাম।।
 সেই বাটী যাত্রা কৈল নাম প্রেমাবেশে।
 মতুয়ারা মাতোয়ারা নাচে কাঁদে হাঁসে।।

সেই শুভ্রা গ্রামে একজন দ্বিজ ছিল।
 সংকীর্তন কালে বড় তর্ক আরঙিল।।
 পাগল ছিলেন বসি পালেঙ্গার ঘরে।
 শ্রীনবীন বসু গিয়া কহে পাগলেরে।।
 একবেটা ব্রাহ্মণ এসেছে এ বাটীতে।
 কুতর্ক করেছে সেই কীর্তন স্থানেতে।।
 তাহা শুনি পাগল হইল ধাবমান।
 সংকীর্তন মাঝে স্বামী মহানন্দ যান।।
 অমনি বহিল বন্যা কীর্তন প্রাঙ্গণে।
 ঝঞ্জাবাত যেমন বহিল রন্তাবনে।।
 যে স্থানে যে ছিল কার আর বাক্য নাই।
 হরি বলে গড়াগড়ি দিতেছে সবাই।।
 সেই বিপ্র হ'য়ে ক্ষিপ্ত গড়াগড়ি যায়।
 উন্মত্ত হইল পড়ে পাগলের পায়।।
 পাগলে আগুলে দ্বিজ রাখিতে না পারে।
 জড়াইয়া ধরিলেন অক্ষয় ঠাকুরে।।
 দুই দ্বিজ জড়াজড়ি গড়াগড়ি যায়।
 দৌড়িয়া কীর্তন ছাড়ি বাহিরেতে যায়।
 কদর্য উচ্ছিষ্ট স্থান নামেতে 'আদাড়'।
 গড়াগড়ি যায় বিপ্র তাহার উপর।।
 সেই কথা পথে এসে এল আন্দোলন।
 কি মহাত্ম্য পাগলের চরণে ব্রাহ্মণ।
 মদন বিশ্বাস পূর্ণচন্দ্র অধিকারী।
 দৌঁহে করে আন্দোলন ন্যায় পথ ধরি।।
 আগে করে কুতর্ক জাতির কথা কয়।
 সে জাতিতে এসে ভেসে চরণে লোটায়।।
 তারক বলিল 'অই দেমাকী ব্রাহ্মণ।
 ব্রাহ্মণ রূপেতে ওরা শুক্রচার্য্য গণ।
 থন্সে বলে চাঁদকাজী নোয়াইল মাথা।
 এত হিন্দু ব্রাহ্মণ লুকায়ে যাবে কোথা।।
 বলিতে বলিতে প্রেম আবেশ তখন।
 গান ধরি দিল 'কোথা পালাবি যবন।।